

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪
www.lawjusticediv.gov.bd

নং : ১০.০০.০০০০.১২৮.৯৯.০০১.২৫.১১৫

তারিখ : ১৬ ফাল্গুন ১৪৩২
০১ মার্চ ২০২৬

বিষয় : ই-বেইলবন্ড প্রবর্তন বিষয়ে ভার্চুয়াল সভা।


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, The Code of Criminal Procedure (Second Amendment) Ordinance, 2025 জারির মাধ্যমে The Code of Criminal Procedure, 1898 এর ৪৯৯(৩) ধারায় অনলাইনে বেইলবন্ড দাখিলের বিধান সংযুক্ত করা হয়েছে। ফলে, তথ্য-প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে বিচারব্যবস্থা জনবান্ধব, সহজগম্য ও হয়রানিমুক্ত করার লক্ষ্যে আইন ও বিচার বিভাগ কর্তৃক জেলা পর্যায়ে আদালতে অনলাইনে বেইলবন্ড (ই-বেইলবন্ড) দাখিলের নিমিত্ত ই-বেইলবন্ড ম্যানেজমেন্ট সিস্টেম ডেভেলপ করা হয়েছে। উক্ত ই-বেইলবন্ড বিগত ১৫/১০/২০২৫ তারিখে নারায়ণগঞ্জ জেলায় এবং পরবর্তীতে বিগত ২১/০১/২০২৬ তারিখ মানিকগঞ্জ, বান্দরবান, মৌলভীবাজার, শেরপুর, জয়পুরহাট, পঞ্চগড়, মেহেরপুর, ঝালকাঠি জেলায় চালু করা হয়েছে।

০২। ই-বেইলবন্ড সিস্টেম বগুড়া, ঝিনাইদহ, যশোর, মাগুরা, রাজশাহী, নাটোর ও কুষ্টিয়া জেলায় প্রবর্তনের লক্ষ্যে অত্র বিভাগের সচিব জনাব লিয়াকত আলী মোল্লা মহোদয়ের সভাপতিত্বে নিম্নবর্ণিত তারিখ ও সময়ে এক ভার্চুয়াল সভা অনুষ্ঠিত হবে। উক্ত ভার্চুয়াল সভায় বর্ণিত জেলাসমূহের জিপি/পিপি/মহানগর পিপি, সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি-কে যথাসময়ে সংযুক্ত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সভার তারিখ ও সময় : ০৪/০৩/২০২৬ তারিখ; বিকাল ৩.০০ ঘটিকা।

সভার জুম লিংক : নির্ধারিত সময়ের পূর্বে প্রেরণ করা হবে।

সভার সমন্বয়কারী : মুহাম্মদ আশেকুর রহমান,
সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৪, আইন ও বিচার বিভাগ।
মোবাইল : ০১৬৭২-৯০২৯৯১, ইমেইল : asheqsm24@gmail.com



(মুহাম্মদ আশেকুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৭৪১৬

Email: section4@lawjusticediv.gov.bd

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

১. জিপি/পিপি/মহানগর পিপি, বগুড়া/ঝিনাইদহ/যশোর/মাগুরা/রাজশাহী/নাটোর/কুষ্টিয়া।
২. সভাপতি/সাধারণ সম্পাদক, জেলা আইনজীবী সমিতি, বগুড়া/ঝিনাইদহ/যশোর/মাগুরা/রাজশাহী/নাটোর/কুষ্টিয়া।
৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, ঢাকা।
৪. গার্ড ফাইল/অফিস কপি।